শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারকনং-৪৬.০০.০০০০.০১৮.০২.০১১.২২- ৬৫৯ তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯ / ০১ জুন ২০২২

প্রেরকঃ মো: আকবর হোসেন
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ

প্রাপকঃ চিফ একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়ঃ ২০২১-২২ অর্থবছরের উন্নয়ন সংশোধিত বাজেটে "ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা" খাতের আওতায় ইউনিয়নের অনগ্রসরতা, প্রাকৃতিক দুর্যোগ এবং কোভিড-১৯ মোকাবেলায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী খাতে বরাদ্দকৃত অর্থ ছাড়করণ।**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে চলতি ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা" শীর্ষক থোক (কোড নং-২২১০০০৭০০) এর অনুকূলে বরাদ্দকৃত ৫০০.০০ কোটি (পাঁচশত কোটি) টাকা হতে ইউনিয়নের অনগ্রসরতা, প্রাকৃতিক দুর্যোগ এবং কোভিড-১৯ মোকাবেলায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী উপখাতে বরাদ্দকৃত ১০০.০০ কোটি(একশত কোটি) হতে বাংলাদেশ জাতীয় সংসদের ফরিদপুর-২ আসনের আওতাধীন বিভিন্ন ইউনিয়নের উন্নয়নের জন্য ৭০.০০ লক্ষ (সত্তর লক্ষ) টাকা ছাড়ের সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।

| জেলার নাম ও সংসদীয় আসন | মাননীয় সংসদ সদস্যদের নাম | উপজেলার নাম | বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়) | মোট বরাদ্দ (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|
| ফরিদপুর-২ | জনাব সৈয়দা সাজেদা চৌধুরী | নগরকান্দা | ২৪.০০ | ৭০.০০ (সত্তর লক্ষ) |
| | | সালথা | ২৩.০০ | |
| | | সদরপুর | ২৩.০০ | |

২। ছাড়কৃত অর্থ ফরিদপুর-২ আসনের মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, জনাব সৈয়দা সাজেদা চৌধুরী এর সাথে পরামর্শক্রমে প্রকল্প গ্রহণ এবং এ বিভাগ কর্তৃক জারীকৃত ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা ব্যবহার নির্দেশিকা-২০২১, পিপিআর ও সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক অনুমোদিত প্রকল্প বাস্তবায়নে বরাদ্দকৃত এই অর্থ ব্যয় করতে হবে;

৩। এ ব্যয় ২০২১-২২ অর্থবছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, হিসাবের খাত নং-১৩৭০১/১৩৭০১০১/২২১০০০৭০০/৪১১১৩০৪ কোডভুক্ত ইউনিয়ন পরিষদ উন্ননয়ন সহায়তা থোক বরাদ্দ খাত হতে মিটানো হবে; ছাড়কৃত অর্থ আইবাস সিস্টেমে উপজেলাওয়ারী ডিডিও অথরাইজেশন এর মাধ্যমে এ এন্ট্রি করা হয়েছে;

৪। ছাড়কৃত অর্থ ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা ব্যবহার নির্দেশিকা-২০২১ এর ক্রমিক-১৭ অনুযায়ী কৃষি ও ক্ষুদ্র সেচ, বস্তুগত অবকাঠামো এবং আর্থ-সামাজিক অবকাঠামো উন্নয়নের জন্য ব্যয় করা যাবে।

৫। উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি যৌথভাবে আয়ন-ব্যায়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন;

৬। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৭। সচিব, স্থানীয় সরকার বিভাগ উক্ত অর্থ ব্যয়ের নির্বাহী কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন;

৮। ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন ২০২২ এর মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;

৯। আগামী ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী এর যৌথ স্বাক্ষরে এ বিভাগে প্রেরণ করতে হবে; এবং

১০। উক্ত অর্থ ছাড়করণে অর্থ বিভাগের ০১/০৮/২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-৩১০নং স্মারক, ২৮/১০/২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৪.২০১১-৪১৩নং স্মারক, ১৩/০৩/২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৪.২০১১-৯৪নং স্মারক এবং ১২/০৪/২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৪.২০১১-১৪৪নং স্মারকে সম্মতি রয়েছে।

(মো: আকবর হোসেন)
উপসচিব
ফোন: ৯৫১৪১৯০
lgup2@lgd.gov.bd

স্মারকনং-৪৬.০০.০০০০.০১৮.০২.০১১.২২- ৬৫৯

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯
০১ জুন ২০২২

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জনাব সৈয়দা সাজেদা চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, ফরিদপুর-২, বাংলাদেশ জাতীয় সংসদ।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: উপসচিব, বাজেট-১১ শাখা)।
৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), আগারগাঁও, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জেলা প্রশাসক, ফরিদপুর।
৬। উপসচিব (বাজেট/ইউপি-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি), জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা/সালথা/সদরপুর, ফরিদপুর।
১০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফরিদপুর।
১১। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), নগরকান্দা/সালথা/সদরপুর, ফরিদপুর।
১৩। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নগরকান্দা/সালথা/সদরপুর, ফরিদপুর।
১৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। অতিরিক্ত সচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক (সকল), নগরকান্দা/সালথা/সদরপুর, ফরিদপুর।
১৭। অফিস কপি।

(মো: আকবর হোসেন)
উপসচিব